Government of The People's Republic of Bangladesh
Agro-Meteorological Information Systems Development Project
(Component-C of BWCSRP)
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নংঃ ১২.০১.০০০০.০১৮.০১.০০৫.২২.৭০৭৬ — তারিখঃ ১০-০৫-২০২২ খ্রিঃ

বরাবর
উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
---------------------------------জেলা।

**বিষয়ঃ কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের (১ম সংশোধিত) আওতায় জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির পূর্ণগঠন এবং কার্যক্রম ০৭ জেলা হতে ৬৪ জেলায় উন্নীতকরণ।**

সূত্রঃ- অত্র দপ্তরের স্মারক নং ১২.০১.০০০.০১৮.০১.০০৫.১৭.৫২ তারিখঃ ১২/১১/২০১৭ খ্রিঃ

উর্পযুক্ত সূত্র ও বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্পের (১ম সংশোধিত) আরডিপিপিতে ৬৪ জেলায় জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির গঠন করার বিধান রাখা হয়েছে। কমিটির কর্মপরিকল্পনা সংযুক্ত কার্যপরিধি অনুযায়ী অনুসরণ করতে হবে এবং প্রকল্প দপ্তরকে অবহতি করতে হবে (কমিটি গঠন এবং রেজুলেশন সহ)। জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটি গঠন এবং কমিটির কর্মপরিকল্পনা এবং কার্যপরিধি অনুযায়ী সভাসমূহ আয়োজনের বরাদ্দ প্রকল্প দপ্তর হতে মেটানো হবে। জেলা **কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির সভার বরাদ্দ এর বিভাজন এতদ্সঙ্গে সংযুক্ত করা হলো। জিওবি অংশের বরাদ্দকৃত অর্থ (সম্মানীবাবদ)** পৃষ্ঠাঙ্কনের মাধ্যমে আইবাস++ এবং আরপিএ অংশের বরাদ্দকৃত অর্থ আপনার ব্যাংক একাউন্টে শীগ্রই পাঠানো হবে। এ বিষয়ে আরো কোন তথ্য জানতে চাইলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো। অর্থ খরচের বিধিবিধান সরকারী নিয়মানুযায়ী পালন করতে হবে।

সংযুক্তিঃ
১। জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটি এর গঠন ও কার্যপরিধি-১ফর্দ।
২। জেলা **কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির সভার বরাদ্দ এর বিভাজন**

১০/০৫/২২

(ড. মোঃ শাহ কামাল খান)
প্রকল্প পরিচালক
যোগাযোগ নম্বরঃ ০১৭১২১৮৪২৭৪
ইমেইলঃ kamalmoa@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
০১। পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০২। পরিচালক, প্রশিক্ষণ উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৩। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৪। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর,........................ অঞ্চল।
০৫। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ঢাকা।
০৬। অফিস কপি।

## জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির নির্দেশিকা

জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির মাধ্যমে জেলা পর্যায়ে আবহাওয়া এবং নদ-নদীর সামগ্রিক অবস্থা সম্পর্কিত বিজ্ঞান ভিত্তিক এবং নির্ভরযোগ্য তথ্যাদি কৃষকগণের নিকট পৌছানো নিশ্চিত করা হবে। জেলায় কৃষি উৎপাদন টেকসই করার লক্ষ্যে, বিজ্ঞান ভিত্তিক কৃষি আবহাওয়া সম্পর্কিত তথ্য, দূযোর্গপূর্ণ আবহাওয়ার পূর্বাভাস নিশ্চিত করা ইত্যাদি বিষয়ে নিরন্তর কাজ করা যাবে জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটি। এই কমিটি ১০(দশ) সদস্যবিশিষ্ট হবে, কমিটির গঠন ও কার্যপরিধি নিম্নরুপঃ

জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটিঃ

০১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর- সভাপতি
০২। জেলা প্রাণীসম্পদ অফিসার- সদস্য
০৩। জেলা মৎস্য অফিসার- সদস্য
০৪। জেলা প্রশিক্ষণ অফিসার, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর-সদস্য
০৫। নির্বাহী প্রকৌশলী (বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড)- সদস্য
০৬। জেলা বীজ প্রত্যয়ন অফিসার-সদস্য
০৭। উপপরিচালক, বিআরডিবি - সদস্য
০৮। অফিসার ইনর্চাজ, আবহাওয়া অধিদপ্তর- সদস্য
০৯। কৃষক প্রতিনিধি ১(এক জন) -সদস্য
১০। ফোকাল পার্সন, কৃষি আবহাওয়া প্রকল্প [অতিরিক্ত উপপরিচালক (শস্য)]- সদস্য সচিব

**বিশেষ দ্রষ্টব্যঃ উল্লেখিত জেলা কৃষি আবহাওয়া বিষয়ক কমিটির সভাতে কোন সদস্যের অনুপস্থিতিতে নতুন সদস্য রেজুলেশনের মাধ্যমে কো-অপ্ট করা যাবে এবং তা প্রকল্প পরিচালক কে অবহিত করতে হবে।**

কমিটির কার্যপরিধিঃ

০১। প্রকল্পের উদ্দেশ্য নিয়ে এবং সকল মৌসুমে কৃষি ক্ষেত্রে দূর্যোগপূর্ণ আবহাওয়ার করণীয় বিষয়াবলী নিয়ে আলোচনা।
০২। কৃষি ক্ষেত্রে আবহাওয়া বিষয়ক ঝুঁকি মোকাবেলার জন্য আবহাওয়ার পূর্বাভাসগুলো আলোচনা।
০৩। বোরো, খরিফ-১, খরিফ-২ মৌসুমের পূর্বে এবং দূর্যোগকালীন সময়ে প্রত্যেক অর্থ বছরে মোট ০৪ (চার) বার সভা আয়োজন।
০৪। প্রকল্প হতে সরবরাহকৃত আবহাওয়া ডিসপ্লে বোর্ড, হ্যান্ড হেল্ড অটোমেটিক রেইন গজ, কিয়স্ক, ট্যাব প্রভৃতির যথোপযুক্ত ব্যবহার সর্ম্পকে আলোচনা।
০৫। কৃষি আবহাওয়া সম্পর্কিত পরামর্শ সেবা তৃণমূল পর্যায়ে সময়মত পৌঁছে দেয়ার বিষয়ে পর্যালোচনা।
০৬। কৃষি আবহাওয়া এবং জলবায়ু বিষয়ক তথ্য ব্যবহারের উপযোগিতা সম্পর্কিত বেইজ লাইন স্টাডিতে সহায়তা।
০৭। মোবাইল অ্যাপের মাধ্যমে সদরদপ্তর থেকে কৃষকগণ পর্যন্ত কৃষি আবহাওয়া তথ্য আদান প্রদানের বিষয়টি তদারকি।
০৮। আওতাধীন উপজেলাসমূহের কৃষি আবহাওয়া সম্পর্কিত কর্মকান্ডের সমন্বয় সাধন।

অনুমোদিত
২৭/৫/২০২২

(মোঃ সিরাজুল ইসলাম)
পরিচালক
সরেজমিন উইং
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫।

| Break up of District Agromet Committee Meeting per season | | | | |
|---|---|---|---|---|
| Sl. No. | Item | No. | Unit Cost | Total Cost |
| GOB Part | | | | |
| 1 | Remuneration for Committee Member | 10 | 1000 | 10000 |
| RPA Part | | | | |
| 2 | Office Stationary(Khata, Pen, Small Notebook, Pin, Marker etc.) | | | 2000 |
| Total Cost for District Agromet Committee Meeting per season | | | | 12000 |

10/05/22

Dr. Md. Shah Kamal Khan
Project Director
Agro-Meteorological Information Systems Development Project
Department of Agricultural Extension
Khamarbari, Farmgate, Dhaka-1215